

1206

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
(www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৩৬.১৭-১৬-০৭

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৭
২৬ নভেম্বর ২০২০

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: কুড়িগ্রাম জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০২.১৫.১৭৮.১৮-৭১৪; তারিখ: ২১/০৯/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে স্থানীয় সরকার বিভাগের ০৬/০১/২০১৯ তারিখের ১২নং স্মারকের নির্দেশনা অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ২৯,০০,০০০/- (উনত্রিশ লক্ষ) টাকায় গৃহীত ০৮টি প্রকল্প একত্রে পরিবর্তন করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে স্থানীয় সরকার বিভাগের ০৬/০১/২০১৯ তারিখের ১১নং স্মারকে ২০১৯-২০২০ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় অনুমোদিত প্রকল্প তালিকার ক্রমিক নং ৭০ ও ২৭৩ প্রকল্প দু'টি পরিবর্তনের যৌক্তিক কারণসহ আলাদাভাবে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।